



স্মারক নং- ৩১.০৩.০০০০.৬৩১.০৩১.০৮.২২ - ৫৬

তারিখঃ ১৫/০১/২০২৩ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ০৪/০১/২৩ খ্রিঃ তারিখের ৩১.০৩.২৬৯২.০০৩.১০.০০৯.১৭-১৭নং স্মারকে প্রাপ্ত প্রশাসনিক পদমঞ্জুরী ও আর্থিক মঞ্জুরীনাма মোতাবেক জোনাল সেটেলমেন্ট অফিসের আওতাভুক্ত ২০২২-২৩ অর্থ বছরে ডিজিটাল জরিপ কাজ করার নিমিত্ত মৌসুমী সরদার আমিন ০৫ জন, মৌসুমী বদর আমিন ০৫ জন ও মৌসুমী চেইনম্যান ০৫ জন এর সমন্বয়ে ০৫ (পাঁচ) সেট মৌসুমী সার্ভে সহায়ক নিয়োগ দেয়া হবে। সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জানুয়ারি/২৩ হতে মে/২৩ পর্যন্ত ০৫ (পাঁচ) সেট মৌসুমী সার্ভে সহায়ক নিয়োগের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে ১৫/০১/২৩ খ্রিঃ তারিখ হতে ২৯/০১/২৩ তারিখ পর্যন্ত লিখিত আবেদন আহবান করা যাচ্ছে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী [www.zsojessore.gov.bd](http://www.zsojessore.gov.bd) এই ওয়েব সাইটে পাওয়া যাবে।

- ২। প্রার্থীগণকে লিখিতভাবে আবেদনে নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ অন্যান্য উপযুক্ততা উল্লেখপূর্বক সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিকত্ব সনদপত্র এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ০২ কপি রঞ্জন ছবি (সত্যায়িত) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনপত্র স্ব-শরীরে অথবা ডাকযোগে আগামী ২৯/০১/২৩ খ্রিঃ তারিখের মধ্যে এ অফিসে পৌছাতে হবে।
- ৫। যাতায়াতের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৬। আবেদনকারীর বয়স ১৮ বছর হতে সর্বোচ্চ ৫৫ বছর। তবে মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হবে ৫৬ বছর। এছাড়া নতুনভাবে চেইনম্যান পদে নিয়োগ লাভের জন্য বয়সসীমা ১৮ বছর থেকে ৩০ বছর হতে হবে।
- ৭। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৮। সকল পদে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ৯। প্রার্থীগণকে সাক্ষাৎকারের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ৩০/০১/২৩ খ্রিঃ তারিখ জোনাল সেটেলমেন্ট অফিস, যশোর অফিসে স্ব-শরীরে উপস্থিত থাকতে হবে।

(মোঃ কামরুজ্জামান আরিফ)

জোনাল সেটেলমেন্ট অফিসার  
যশোর জোন, যশোর।

ও

সভাপতি নিয়োগ কমিটি

১৫/০১/২৩